

## বাংলাদেশ জাতীয়তাবাদীদল অস্ট্রেলিয়া শাখা ও সহযোগি সংগঠনের উদ্যোগে জিয়াউর রহমানের ২৮তম শাহাদতবার্ষিকী পালন

বাংলাদেশ জাতীয়তাবাদীদল অস্ট্রেলিয়া শাখার উদ্যোগে স্বাধীনতার ঘোষক, বাংলাদেশ জাতীয়তাবাদী দলের প্রতিষ্ঠাতা চেয়ারপারসন রাষ্ট্রপতি জিয়াউর রহমানের ২৮তম শাহাদত বার্ষিকী উপলক্ষে গত ৩১শে মে সিডনির সেন্টপিটার্স লাইব্রেরি হলে অস্ট্রেলিয়া বিএনপির আহ্বায়ক দেলোয়ার হোসেনের সভাপতিত্বে এবং বাংলাদেশ জাতীয়তাবাদী ছাত্রদল অস্ট্রেলিয়ার সভাপতি মোসলেহউদ্দিন আরিফের



পরিচালনায় এক মিলাদ দোয়া ও আলোচনা অনুষ্ঠিত হয়।

সভাপতির বক্তব্যে বিএনপি দেলোয়ার হোসেন কথায় বা বক্তৃতায় নয় - কাজের মাধ্যমে শহীদ জিয়ার আদর্শকে সারাদেশে ছড়িয়ে দেয়ার জন্য দলের নেতা-কর্মীদের প্রতি আহ্বান জানান। তিনি বলেন,

প্রেসিডেন্ট জিয়া তাঁর চারিত্রিক গুণাবলী দিয়ে দেশের সকল শ্রেণীর মানুষের মন জয় করেছিলেন। জনাব দেলোয়ার বাংলাদেশের বিভিন্ন স্থানে শহীদ জিয়ার শাহাদাৎ বার্ষিকী পালনের সময় প্রাক্তন উপ-মন্ত্রী ও বিএনপি নেতা রুহুল কুদ্দুস তালুকদার দুলু সহ অন্যান্য নেতৃবৃন্দের উপর হামলার তীব্র প্রতিবাদ জানান।

মোসলেহউদ্দিন আরিফ বলেন, ১৯৭১ সালের ৩০ এপ্রিল তাজউদ্দিন আহমদ বলেছিলেন যে, জিয়া স্বাধীনতার ঘোষণা দিয়ে একটি ঐতিহাসিক কাজ করেছে।

আলোচনা সভায় দলমত নির্বিশেষে সিডনির সর্বস্তরের বিশিষ্ট নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন। এছাড়াও বিশেষ আমন্ত্রণে উপস্থিত ছিলেন সিডনির বিভিন্ন সংবাদপত্র, ওয়েবসাইট, রেডিও, টিভির সাংবাদিকবৃন্দ। সভায় আরো যারা উপস্থিত ছিলেন তাদের মধ্যে হুমায়ের চৌধুরী রানা, সাইয়েদা খানম আঙ্গুর, মনজুর সারোয়ার বাবু, মোসলেহউদ্দিন আরিফ, হাফিজুল ইসলাম তারেক, কুদরতউলমস্যাহ লিটন, লাভলী আলম, বেলাল হোসেন ঢালী, ইব্রাহিম খলিল মাসুদ, আশরাফুল আলম রনি, রাশেদুল হক, এস.এম.রানা, মোবারক হোসেন, এ.এস.এম. মাসুম, ওমর ফারুক, সালাউদ্দিন মানিক, মোহাম্মদ হাফিজ, হাসান আল মামুন, মোস্তফা নিখুন, ওয়াজিয়া শারমীন ফারুক হোসেন, জাহাঙ্গীর হোসেন, আব্দুর রহিম, আবুল বাসার মিলন, সজিব আহমেদ, সর্দার মোঃ খালেদ, জসিম উদ্দিন চৌধুরী, রশ্মি, আবুল কালাম আজাদ, ফসিউল আলম জামাল, আমিনুল ইসলাম বাবু, রোমিও অন্যতম।

রিপোর্ট এবং ছবি মোসলেহউদ্দিন আরিফ